যুগান্তর

তারিখ ... 08 MAY 2015 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... ৩ ...

# মিটফোর্ড হাসপাতালের শিক্ষানবিস ডাক্তারদের ধর্মঘট প্রত্যাহার

স্টাফ রিপোর্টার, নবাবগঞ্জ

রাজধানীর পুরান ঢাকার স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ (মিটফোর্ড) হাসপাতালের শিক্ষানবিস চিকিৎসকরা ধর্মঘট প্রত্যাহার করেছেন। নারী চিকিৎসকদের নিরাপত্তা এবং হাসপাতাল এলাকায় মাদক ও বখাটেমুক্ত করার দাবিতে ডাকা ধর্মঘটের ৩০ ঘণ্টা পর ধর্মঘট প্রত্যাহার করা হল।

বৃহস্পতিবার দুপুরে মিটফোর্ড হাসপাতালের সভাকক্ষে হাসপাতাল কর্তৃপক্ষ, শিক্ষানবিস চিকিৎসক, কর্মকর্তা-কর্মচারী ও চিকিৎসক প্রতিনিধিদের যৌথ সভায় সমস্যা নিরসনের আশ্বাসে শিক্ষানবিস ১৮৪ জন চিকিৎসক তাদের ডাকা ধর্মঘট কর্মসূচি প্রত্যাহার করে নেন।

সভায় বক্তব্য রাখেন লালবাগের সংসদ সদস্য, হাজী মো. সেলিম, স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ হাসপাতালের পরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মো. জাকির হাসান, কলেজের ভাইস প্রিন্সিপাল জেএমএ শাখাওয়াত, ডা. মিজান, কোতোয়ালি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আবুল হোসেন, মেডিকেল কলেজ শাখার ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক ফয়সাল কামাল, শিক্ষানবিস চিকিৎসক সৈয়দা নাবিলা প্রমুখ।